# চাহিদাভিত্তিক

# সাব-ক্লাস্টার প্রশিক্ষণ ম্যানুয়াল

জানুয়ারি -২০২৫

শিরোনাম

## শিখন শেখানো সামগ্রী এবং শিক্ষোপকরণের ব্যবহার ও সংরক্ষণ কৌশল

উপজেলা রিসোর্স সেন্টার

নাটোর সদর, নাটোর

**রচনায়**

কে.এম. আবিদুল হাসান, ইন্সট্রাক্টর

উপজেলা রিসোর্স সেন্টার, নাটোর সদর, নাটোর

**সহযোগিতায়**

নূর-উন-নাহার রুবিনা, উপজেলা শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর

মোঃ সানাউল্লাহ,উপজেলা শিক্ষা অফিসার, নলডাঙ্গা, নাটোর

মোঃ মজিবুর রহমান, সহ.উপজেলা শিক্ষা অফিসার, নলডাঙ্গা, নাটোর

মোঃ আকরামুজ্জামান, সহ. উপজেলা শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর

দেবাশীষ কুন্ড, সহ. উপজেলা শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর

ড.মোঃ নাছিম রানা, সহ. উপজেলা শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর

মেরিনা আক্তার, সহ. উপজেলা শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর

মোঃ মহাবুবুল হক , সহ. উপজেলা শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর

সুমন কুমার সরকার, সহ. উপজেলা শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর

মোঃ আওলাদ হোসেন, সহ.উপজেলা শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর

শবনম আকতার, সহ.উপজেলা শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর

**অনুমোদনে**

এম.এইচ.এম. রুহুল আমিন

সুপারিনটেনডেন্ট

প্রাইমারি টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (পিটিআই), নাটোর

**মুদ্রনে**

ডাটাএন্ট্রি অপারেটর

উপজেলা রিসোর্স সেন্টার, নাটোর সদর, নাটোর

# প্রশিক্ষণসূচি

| সময় | কর্মসূচি | ব্যাপ্তি কাল |
|---|---|---|
| ০৯.০০-৯.৩০ | রেজিস্ট্রেশন | ৩০ মিনিট |
| ৯.৩০-১১.০০ | শিখন শেখানো সামগ্রীর ধারণা, পাঠ্যপুস্তক ও শিখন শেখানো সামগ্রীর প্রয়োজনীয়তা উল্লেখ করা। বিষয়ভিত্তিক শিক্ষা উপকরনের তালিকা তৈরি করা। | ১ ঘন্টা ৩০ মিনিট |
| ১১.০০-১১.২০ | চা বিরতি | ২০ মিনিট |
| ১১.২০-১.০০ | অধ্যায়ভিত্তিক শিখন শেখানো সামগ্রীর তালিকা তৈরি করা। | ১ ঘন্টা ৪০ মিনিট |
| ১.০০-২.০০ | মধ্যাহ্ন বিরতি | ১ ঘণ্টা |
| ২.০০-৩.৩০ | প্রদর্শণী পাঠ | ১ঘন্টা ৩০ মিনিট |
| ৩.৩০-৩.৪৫ | চা বিরতি | ১৫ মিনিট |
| ০৩.৪৫-০৪.৩০ | শিক্ষা উপকরণ তৈরি, সংগ্রহ, ব্যবহার ও সংরক্ষণ কৌশল ব্যাখ্যা করা। | ৬০  মিনিট |
| ০৪.৪৫-০৫.০০ | মুক্ত আলোচনা ও সমাপনী | ১৫ মিনিট |

# শিখন শেখানো সামগ্রী এবং শিক্ষোপকরণের ব্যবহার ও সংরক্ষণ কৌশল

## ভূমিকা

প্রাথমিক শিক্ষাস্তরে শিখন শেখানো কার্যাবলি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পাঠ্য পুস্তক ও শিখন শেখানো সামগ্রী আবশ্যক। শিক্ষক যদি শিখন শেখানো সামগ্রীর সঠিক ব্যবহার করেন তবে শিক্ষার্থীদের মধ্যে শিখনের আগ্রহ বৃদ্ধি পায় ও শিখন দীর্ঘস্থায়ী হয়। শিখন শেখানো সামগ্রীর সঠিক ব্যবহার কার্যকর শিখনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। উন্নত বিশ্বে পাঠ্যপুস্তক ও শিক্ষক নির্দেশিকার পাশাপাশি শিক্ষকগণ টেলিভিশন, প্রজেক্টর, মাল্টিমিডিয়া ইত্যাদি সহ আরো অনেক আধুনিক শিখন শেখানো শিক্ষা উপকরণ/সামগ্রী ব্যবহার করে থাকেন। কিন্তু বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোতে এখনও এসব আধুনিক শিক্ষা উপকরণ/সামগ্রী ব্যাপকভাবে ব্যবহার করা সম্ভব হয়ে উঠেনি। শিক্ষকগণ পাঠ্যপুস্তক, শিক্ষক নির্দেশিকা,শিক্ষক সহায়িকা ও শিক্ষক সংস্করণসহ সহজলভ্য বা স্বল্পমূল্যের শিক্ষা উপকরণের যথাযথ ব্যবহার করে শিখন শেখানো কার্যক্রমকে আকর্ষণীয়, সাবলীল ও প্রয়োগমুখী করে তুলতে পারেন। বিভিন্ন শিখন শেখানো সামগ্রী ও শিক্ষা উপকরণ ব্যবহার করে শিক্ষার্থীদের কৌতূহল জাগ্রত করতে পারেন এবং শ্রেণীতে পাঠদান প্রাণবন্ত করে তুলতে পারেন। শিক্ষকগণ কীভাবে পাঠ্যপুস্তক ও অন্যান্য শিখন শেখানো সামগ্রীর ব্যবহার করবেন, সে বিষয়ে সহায়তা করার লক্ষ্যেই এ সহায়িকাটি প্রণয়ন করা হয়েছে।

**প্রথম অধিবেশন**

## শিখন শেখানো সামগ্রীর ধারণা ও শিখন শেখানো সামগ্রীর প্রয়োজনীয়তা উল্লেখ করা

**শিখনফল:**

**১. শিক্ষোপকরণের ধারনা লাভ করবেন।**
**২. শিক্ষোপকরণের প্রকারভেদ বর্ণনা করতে পারবেন।**
**৩. শিক্ষোপকরণের প্রয়োজনীয়তা বর্ণনা করতে পারবেন।**

**কাজ-১**: শিখন শেখানো সামগ্রী কী তা বলতে পারা । **সময়:** ৩০ মিনিট

**সহায়কের করণীয়**

❖ অংশগ্রহণকারীদের পাশের জনের সাথে জোড়া তৈরি করে আলোচনা করতে বলুন তারা শিখন শেখানো সামগ্রী বলতে কী বোঝেন। এর জন্য সময় দিন তিন মিনিট।

❖ দৈবচয়নের মাধ্যমে জোড়া দলগুলো থেকে জানতে চান শিখন শেখানো সামগ্রী কী? তাদের উত্তর শোনার পর প্রয়োজনে ধারণা স্পষ্ট করার জন্য সহায়ক তথ্য-১ এর আলোকে সহায়তা করুন।

**সহায়ক তথ্য-১**

❖ *পাঠ্যপুস্তক, শিক্ষক সংস্করণ, শিক্ষক সহায়িকা, শিক্ষক নির্দেশিকা ইত্যাদিসহ বিভিন্ন ধরনের শিক্ষাপোকরণ, যেমন-চার্ট, চিত্র, পোস্টার, মডেল, নক্‌শা, নমুনা, রেডিও, টেপরেকর্ডার, টেলিভিশন ইত্যাদি যেগুলো ব্যবহার করে শিক্ষার্থীদের কল্পনা শক্তিকে জাগিয়ে তোলা যায় এবং শিক্ষার্থীদের কাছে বিভিন্ন ধারণা স্পষ্ট ও প্রাঞ্জল করে উপস্থাপন করা সম্ভব হয়, সেগুলোই শিখন শেখানো সামগ্রী।*

* তথ্যপত্র
১.শিখন শেখানো সামগ্রীকে বৈশিষ্ট্য দিক দিয়ে মোটামুটি চার ভাগে ভাগ করা যেতে পারে।
যথা: ১) চিত্র, ২) মডেল, ৩) বাস্তব নমুনা ও ৪) লিখিত সামগ্রী

২.ব্যবহার ধরণ অনুযায়ী শিক্ষো উপকরণকে চার (৪) ভাগে বিভক্ত করা চলে।
যথা: ১) দর্শনভিত্তিক শিক্ষোউপকরণ, ২) শ্রবণভিত্তিক শিক্ষোপকরণ, ৩) শ্রবণ-দর্শনযোগ্য শিক্ষোপকরণও ৪) অনুসন্ধানমূলক শিক্ষোপকরণ

চিত্র:  কোন বিষয় বা বিষয়বস্তুর অঙ্কিত ছবি বা ফটোগ্রাফকে চিত্র বলে।
মডেল : কোন বিষয় বা বিষয়বস্তুর ত্রিমাত্রিক প্রতিকৃতিকে মডেল বলে।
বাস্তব নমুনা : কোন উদ্ভিদ বা প্রাণি বা বস্তুর প্রকৃত বা বাস্তব অবস্থাকে তার বাস্তব নমুনা বলে।
লিখিত সামগ্রী:  কোন বিষয় বা বিষয়বস্তু সম্পর্কে লিখিত বিবরণকে লিখিত সামগ্রী বলে।

দর্শনযোগ্য উপকরণ : যেসব উপকরণ বিষযবস্তুকে দৃষ্টিগ্রাহ্য করে তোলে বা আমাদের চোখ দিয়ে দেখার মাধ্যমে শিখন শেখানো কার্যক্রমে অশগ্রহণ করতে হয়, সে সকলকে দর্শনযোগ্য উপকরণ বলা চলে।। যেমন-পোস্টার, ছবি, চার্ট, গ্লোব, বিভিন্ন মডেল, ম্যাপ, ম্যাগাজিন, জার্নাল, বিভিন্ন প্রকার বোর্ড, পাঠ্যপুস্তক, পত্র-পত্রিকা, স্লাইড, প্রজেক্টর, ওভারহেড প্রজেক্টর ইত্যাদি।

শ্রবণযোগ্য উপকরণ: যেসব উপকরণ শিখনের বিষয়বস্তুকে  শ্রবণযোগ্য করে তোলে বা আমরা আমাদের কান দিয়ে শোনার মাধ্যমে শিখন শেখানো কার্যক্রমে অশগ্রহণ করতে হয়, সে সকলকে  শ্রবণযোগ্য উপকরণ বলা চলে। যেমন-রেডিও, টেপ রেকর্ডার, অডিও ক্যাসেট, সিডি প্লেয়ার, মাইক্রোফোন ইত্যাদি।

শ্রবণ-দর্শনযোগ্য উপকরণ : যেসব উপকরণ বিষয়বস্তুকে একই সাথে  শ্রবণ ও দর্শনগ্রাহ্য করে তোলে অর্থাৎ আমাদের চোখ ও কানের ব্যবহারের মাধ্যমে শিখন শেখানো কার্যক্রমে অশগ্রহণ করতে হয়,  সে সকলকে শ্রবণ-দর্শনযোগ্য উপকরণ বলা চলে। যেমন- টেলিভিশন, চলচ্চিত্র, ডিভিডি, মনিটর, কম্পিউটার, ল্যাপটপ, মাল্টিমিডিয়া ইত্যাদি।

অনুসন্ধানমূলক উপকরণ :  নেচার স্টাডির আদলে শ্রেণিকক্ষের বাইরের পরিবেশে শিক্ষার্থীরা হাতে কলমে কর্ম সম্পাদন করতে যেয়ে যে সকল উপকরণ ব্যবহার করে , সে সকলকে কর্মসম্পাদনমূলক উপকরণ বলে। যেমন: প্রজেক্ট বা অনুসন্ধান প্রক্রিয়ায় ব্যবহৃত উপকরণ।

**<u>কাজ-২</u>: পাঠ্যপুস্তক ও শিখন শেখানো সামগ্রীর প্রয়োজনীয়তা উল্লেখ করা।** **সময়:** ১৫ মিনিট

**সহায়কের করণীয়-**

- ❖অংশগ্রহণকারীদের প্রত্যেককে একটি করে ভিপকার্ড (VIPP) দিন। প্রত্যেককে পাঠ্যপুস্তক ও শিখন শেখানো সামগ্রীর একটি করে প্রয়োজনীয় ভিপকার্ডে লিখতে বলুন। লেখা শেষ হলে মাসকিং টেপ অথবা ব্লু টেক দিয়ে তাদের ভিপকার্ড এক..এক করে বোর্ডে সেঁটে দিতে বলুন।
- ❖এবারে এ বিষয়টি সম্পর্কে পোস্টার পেপারে পূর্বেই লিখে রাখা চার্টটি বোর্ডের এক পাশে টাঙিয়ে দিন। অংশগ্রহণকারীদের মধ্যে থেকে একজনকে পড়ে শোনাতে বলুন এবং সকলকে দেখতে ও মনোযোগ সহকারে শুনতে বলুন।
- ❖প্রয়োজনে আলোচনা করুন এবং সহায়ক তথ্য-২ এর আলোকে ধারণা স্পষ্ট হতে সহায়তা করুন।

সহায়ক তথ্য-২

পাঠ্যপুস্তক ও শিখন শেখানো সামগ্রীর প্রয়োজনীয়তা:

শ্রেণীকক্ষে পাঠ্যপুস্তক ও শিখন শেখানো সামগ্রীর সঠিক ব্যবহারের ওপরই নির্ভর করে শিক্ষার্থীদের মনোযোগ ধরে রাখার বিষয়টি। এ ছাড়া আরও যে-সকল কারণে শ্রেণি কক্ষে শিখন শেখানো সামগ্রীর প্রয়োজন, সেগুলো হলে

১. শিক্ষার্থীদের প্রেষণা সৃষ্টির জন্য।

২. শিক্ষণ প্রক্রিয়াকে সমৃদ্ধ করার লক্ষ্যে।

৩. শিখন সহজ ও আনন্দদায়ক করার জন্য।

৪. ধারণা উপস্থাপনার জন্য।

৫. বিমূর্ত ধারণাকে মূর্ত করার জন্য।

৬. শিখন শেখানো কার্যক্রমকে সাবলীল করার জন্য।

৭. শিখন শেখানো প্রক্রিয়ায় বৈচিত্র্য আনার জন্য

৮. শিক্ষক-শিক্ষার্থীর সাথে যোগাযোগ ত্বরান্বিত করার জন্য।

৯. শিখন দীর্ঘস্থায়ী করার জন্য।

কাজ-৩: বিষয়ভিত্তিক শিক্ষোপকরণের তালিকা তৈরি।

সহায়কের করণীয়:-

* ৬টি প্রধান বিষয়ের নামে ৬টি দল তৈরী করুন।

* দলীয়ভাবে বসান।

* বাংলা, ইংরেজি, গণিত, বাউবি, প্রাথমিক বিজ্ঞান, ধর্ম ও নৈতিক শিক্ষাবিষয়ের উপকরণের তালিকা নিম্নে বর্ণিত ছকে লিপিবদ্ধ করতে বলুন।

| বাংলা বিষয়ের উপকরণ | ইংরেজি বিষয়ের উপকরণ | গণিত বিষয়ের উপকরণ | বাউবি বিষয়ের উপকরণ | প্রাথমিক বিজ্ঞান বিষয়ের উপকরণ | ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের উপকরণ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |

* দলীয় কাজ পযায়ক্রমে উপস্থাপন করতে বলুন।

* উপস্থাপন শেষে প্রয়োজনীয় সংশোধনী দিন।

## দ্বিতীয় অধিবেশন

### অধ্যায়ভিত্তিক শিখন শেখানো সামগ্রীর তালিকা তৈরি করা

**শিখনফল:**

**১. অধ্যয়ভিত্তিক শিখন শেখানো সামগ্রী তালিকা তৈরি করতে পারবেন।**
**২. সংগ্রহের উপায় বর্ণনা করতে পারবেন।**
**৩. সংরক্ষণের উপায় বর্ণনা করতে পারবেন।**

**কাজ : অধ্যায়ভিত্তিক শিখন শেখানো সামগ্রীর তালিকা তৈরি করা।** **সময়: ১ ঘন্টা** ৪০ মিনিট

**সহায়কের করণীয়-**

- ❖ বোর্ডের মাঝখানে বড় করে লিখুন "শিখন শেখানো সামগ্রী"
- ❖ অংশগ্রহণকারীদের এক-এক করে বোর্ডে ডাকুন এবং একটি করে শিখন শেখানো সামগ্রীর নাম লিখতে বলুন। একটির নাম একাধিকবার এলে সেটি বাদ দিতে বলুন।
- ❖ ধারণা মানচিত্র তৈরি হয়ে গেলে সেখান থেকে যে কোনো এক জনকে সবগুলো শিখন শেখানো সামগ্রীর নাম পড়ে শোনাতে বলুন।
- ❖ অংশগ্রহণকারীদের স্কুলভিত্তিক দলে ভাগ করুন। প্রত্যেক দলকে একটি করে পোস্টার পেপার এবং মার্কার দিন। প্রত্যেক দলকে নির্ধারিত( তৃতীয় শ্রেণির বাংলা) বিষয়ের যে কোন ৫ টি অধ্যায়ের শিখন শেখানো সামগ্রীর তালিকা তৈরি করতে বলুন । লেখা শেষ হলে প্রত্যেক দল থেকে এক জনকে উপস্থাপন করতে বলুন। সব দলের উপস্থাপন শেষে সারসংক্ষেপ করুন এবং কাজটি শেষ করুন।

| বিষয় | অধ্যায়ের নাম | প্রয়োজনীয় উপকরণের তলিকা | প্রয়োজনীয় উপকরণসমূহ বিদ্যালয়ে আছে/ কিনা | উপকরণ প্রাপ্তির উৎস ক্রয়/সংগ্রহ/তৈরি | সংরক্ষণের উপায় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

**মধ্যাহ্ন বিরতি:-** **১ ঘন্টা**

## তৃতীয় অধিবেশন

### প্রদর্শনী পাঠ

**শিখনফল:**

**১. আদর্শ পাঠদানের ধারণা লাভ করবেন।**

**২. পর্যবেক্ষণ ছক ব্যবহার করে পাঠ মূল্যায়ন করতে পারবেন।**

**কাজ : বিভিন্ন শিখন শোখানো সামগ্রীর সাহায্যে শিক্ষক সহায়িকা অনুসরণপূর্বক পাঠ উপস্থাপন ।**

**সময়:** ১ ঘণ্টা ৩০ মিনিট

**সহায়কের করণীয়-**

- অংশগ্রহণকারীদের মধ্যে থেকে পূর্বনির্ধারিত একজনকে বাংলা/গণিত/ ইংরেজি বিষয়ে প্রদর্শণী পাঠের জন্য আহবান জানাবেন। প্রত্যেক অংশগ্রহণকারীকে নির্ধারিত পাঠ পযবেক্ষণ ছকঅনুযায়ী পাঠ পর্যবেক্ষণকরতে বলুন।
- প্রত্যেক অংশগ্রহণকারীকে আলোচনায় অংশগ্রহণের জন্য আহ্বান করুন।

**সহায়ক তথ্য-৩ পাঠ পর্যবেক্ষণ ছক**

### পাঠ পর্যবেক্ষণ ছক

পর্যবেক্ষকের নাম:
শ্রেণি:
বিষয় :
পাঠের শিরোনাম:
পাঠদানকারীর নাম :

------------------------------------------------------------------------------------------

১। ক) পাঠের শুরুতে শিশুদের আবেগ সৃষ্টি করা হয়েছিল কি না? হ্যাঁ /না

খ) হয়ে থাকলে আবেগ সৃষ্টির জন্য কী করা হয়েছে?---------------------------------------------

------------------------------------------------------------------------------------------

২। ক) শিক্ষক পাঠকে শিশুদের জীবন অভিজ্ঞতার সাথে কতটা সম্পৃক্ত করেছেন?

ক. ভালভাবে করেছেন খ. মোটামুটি করেছেন গ. করেন নি

খ) করে থাকলে কীভাবে বা কী করে করেছেন?-------------------------------------------------

------------------------------------------------------------------------------------------

৩। ক) পাঠে শিক্ষা উপকরণ ব্যবহারের প্রয়োজন ছিল কি? হ্যাঁ /না

খ) শিক্ষক শিক্ষা উপকরণ ব্যবহার করেছেন কি? হ্যাঁ /না

গ) ব্যবহৃত শিক্ষা উপকরণ পাঠ উপযোগী ছিল কি? হ্যাঁ /না
ঘ) ব্যবহৃত শিক্ষা উপকরণের আকার শ্রেণি উপযোগী ছিল কি? হ্যাঁ /না
ঙ) যথাযথ নিয়ম মেনে শিক্ষা উপকরণ ব্যবহার করা হয়েছে কি?
(1) নিয়ম মেনে করা হয়েছে
(11) আংশিক নিয়ম মেনে ব্যবহৃত (111). নিয়ম মানা হয়নি
চ) নিয়ম মানা না হলে কোন কোন নিয়ম মানা হয়নি?------------------------------------------
------------------------------------------------------------------------------------------------
৪। ক) শিক্ষক ব্লাকবোর্ডের ব্যবহার করেছেন কি? হ্যাঁ /না
খ) যতবার প্রয়োজন ছিল ততবার বোর্ড ব্যবহার করেছেন কি? হ্যাঁ /না
গ) ব্যাকবোর্ডের লেখা শিশুদের বোঝার মত স্পষ্ট ছিল কি? হ্যাঁ মোটামুটি না
ঘ) ব্যাকবোর্ডের লেখা সকল শিশুর নিকট দৃশ্যমান ছিল কি? হ্যাঁ /না
৫। ক) শিক্ষক ক্লাশে প্রশ্ন করেছেন কি? হ্যাঁ/ না
খ) প্রশ্ন করা হয়েছিল কি সকলকে উদ্দেশ্য করে, না শ্রেণির নির্দিষ্ট কাউকে?- সকলকে নির্দিষ্ট কাউকে
গ) শিশুদের প্রশ্নের জবাবদান কি সমস্বরে, না তারা হাত উঠিয়েছিল?- সমস্বরে হাত উঠিয়েছিল
ঘ) শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করা হয়েছিল কি? হ্যাঁ /না
ঙ) শিক্ষার্থীরা প্রশ্ন করেছে কি? হ্যাঁ না
৬। ক) শিক্ষার্থীদের চিন্তামূলক/ সৃজনশীল প্রশ্ন করা হযেছিল কি? হ্যাঁ /না
খ) করে থাকলে উদাহরণ হিসেবে ২/১ টি উল্লেখ করুন: ------------------------------------------
------------------------------------------------------------------------------------------------
৭। ক) শিক্ষক শিশুদের শিখনফল যাচাই করেছেন কি? হ্যাঁ /না
খ) শিখনফল অর্জনে অপারগ শিশুদের শনাক্ত করা হয়েছিল কি? হ্যাঁ /না
গ) শিখনফল অর্জনে অপারগ শিশুদের নিরাময় করা হয়েছিল কি? হ্যাঁ /না
ঘ) শিশুদের নিরাময়মূলক ব্যবস্থা নেওয়া হয়ে থাকলে কীভাবে নিয়েছেন বা কী করেছেন?-------------
------------------------------------------------------------------------------------------------
------------------------------------------------------------------
৮। ক) দলীয় কাজ করিয়েছেন কি? হ্যাঁ /না
খ) দলীয় কাজে শিশুদের সক্রিয় রাখতে কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন? --------------------------
------------------------------------------------------------------------------------------------
৯। শ্রেণিকক্ষে শিক্ষক শিশুদের কীভাবে সম্বোধন করেছেন? তুমি বলে নাম ধরে
১০। শিক্ষকের নিকট পাঠটীকা ছিল কি? হ্যাঁ /না
১১। পাঠদানে শিক্ষকের পূর্ব প্রস্তুতি ছিল বলে মনে করেন কি? হ্যাঁ/ না ঠিক বোঝা যায় নি
১২। পাঠের শিখনফল অর্জিত হয়েছে বলে মনে করেন কি? হাঁ /না আংশিক
১৩। কীভাবে পাঠটিকে আরও ফলপ্রসু করা যেত লিখুন:
------------------------------------------------------------------
------------------------------------------------------------------

**পর্যবেক্ষকের স্বাক্ষর**

# শিক্ষোপকরণ তৈরি,সংগ্রহ,ব্যবহার ও সংরক্ষণ

শিশুমন বৈচিত্র্যময়, তার শিখন চাহিদা ওবহুমুখী। শিশুর জন্য শিখন হবে এক আনন্দময় অভিজ্ঞতা। তাই শিখন শেখানো শিশুর নিকট চিত্তাকর্ষক হলে শিশুমনকে সহজেই নাড়া দেওয়া যায়। শিশুর পরিচিতবস্তু ,পরিচিত বিষয়বা ঘটনা এবং পরিচিত পরিবেশকে পাঠের বিষয় বস্তুর সাথে সংশ্লিষ্ট করে শ্রেণি শিখন শেখানোর উৎকৃষ্ট উপকরণ হিসেবে ব্যবহার করা যায়। কারণ জটিল ও বিমূর্ত বিষয় গুলোকে শিশুর নিকট সহজ ও আনন্দদায়ক করার জন্য উপকরণের বিকল্প নেই। আর এ সব উপকরণ ব্যবহারের মাধ্যমে শিক্ষা হবে জীবন ঘনিষ্ঠ যা শিশুর নিজের, সমাজের, পরিবারের আর্থসামাজিক উন্নয়নে সহায়ক হবে। প্রাথমিক শিক্ষাস্তরের প্রতিটি বিষয় শেখানোর জন্য সুনির্দিষ্ট উপকরণ রয়েছে। তাই তা সঠিকভাবে নির্বাচন করা, বিষয়ের সাথে সংশ্লিষ্টকরা, যথাযথভাবে উপস্থাপন করা শিক্ষকের দায়িত্ব ও কর্তব্য। বিষয়টি শিক্ষকের উপলব্ধিতে আনা প্রয়োজন।

**শিখনফল:** এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ
১. শিক্ষা উপকরণ ও এর প্রয়োজনীয়তা উল্লেখ করতে পারবেন।
২. শিক্ষা উপকরণের বৈশিষ্ট্য চিহ্নিত করতে পারবেন।
৩. পাঠ উপযোগী উপকরণ ব্যবহারের কৌশল উল্লেখ করতে পারবেন।
৪. উপকরণ সংরক্ষণের কৌশল উল্লেখ করতে পারবেন।

**পদ্ধতি/ কৌশল:** জোড়ায়কাজ, মতামত সংগ্রহ, আলোচনা, দলীয়কাজ, পোস্টার তৈরি, মার্কেট প্লেস, পোস্টার প্রদর্শন ও প্লেনারি আলোচনা

**উপকরণ :**পোস্টার, মার্কার , সাদা কাগজ, বৈশিষ্ট্যের তালিকা, ভিপকার্ড, পাঠের ছবি,

**কার্যবিবরণ:**

**কাজ- ১: শিক্ষা উপকরণের প্রয়োজনীয়তা উল্লেখ করা সময়: ১৫ মিনিট**

- প্রশ্নোত্তরের মাধ্যমে শিক্ষোপকরণের প্রয়োজনীয়তার ধারণা দিন।
- পূর্বে তৈরিকৃত শিক্ষা উপকরণের প্রয়োজনীয়তা সংবলিত পোস্টার প্রদর্শন করুন।
- একজনকে পড়তে ও অন্যদের মনোযোগ সহকারে শুনতে বলুন।

**কাজ- ২: শিক্ষা উপকরণের বৈশিষ্ট্য চিহ্নিত করা সময়: ১৫ মিনিটি**

- অংশগ্রহণকারীদের চারটি দলে ভাগ হতে বলুন।
- প্রতি দলে শিক্ষা উপকরণের বৈশিষ্ট্যের তালিকা তৈরি করতে বলুন।
- যেকোনো একদলের কাজ উপস্থাপন করতে বলুন।

● অন্য দলগুলোকে অনুসরণ করতে বলুন।

**কাজ- ৩: শ্রেণি পাঠ উপযোগী উপকরণ ব্যবহারের কৌশল উল্লেখ করা সময়: ১৫ মিনিট**

● পাঁচটি ভিপকার্ডে পাঁচটি বিষয়ের পাঁচটি উপকরণের নাম লিখে পাঁচটি পোস্টার পেপারের উপরিভাগের বামপার্শ্বে স্ট্যাপলার পিন দিয়ে লাগিয়ে প্রশিক্ষণ কক্ষের বরাবর ফ্লোরে দৃশ্যমান করে রাখুন।

● পাঁচটি বিষয়ের নাম- বাংলা, প্রাথমিক গণিত, ইংরেজি, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, প্রাথমিক বিজ্ঞান দিয়ে পাঁচটি দল তৈরি করুন

● প্রতি দলকে তাদের নির্ধারিত পোস্টার পেপার চিহ্নিত করতে এবং বুঝে নিতে বলুন

● প্রতি দলকে তাদের উক্ত পোস্টারে নির্ধারিত বিষয়ের উপকরণের তালিকা প্রস্তুত করতে বলুন

● পাঁচ দলের তালিকা তৈরি হয়ে গেলে মার্কেট প্লেসের আয়োজন করুন

● প্রত্যেক দলকে নিজ নিজ তালিকা থেকে অন্ততপক্ষে একটি উপকরণের ব্যবহার কৌশল প্রদর্শন করতে বলুন। (এই ক্ষেত্রে পাঁচটি বিষয়ের জন্য পাঁচটি পাঠের ছবি সংগ্রহ করুনএবং অংশগ্রহণকারীদের দিন প্রদর্শন করার জন্য)

● পাঁচটি বিষয়ের ক্ষেত্রে সহায়ক প্রয়োজনীয় ফলাবর্তন প্রদানপূর্বক একটি বিষয়ের একটি উপকরণ প্রদর্শন করে দেখাবেন।

**কাজ- ৪:** উপকরণ সংরক্ষণের কৌশল **উল্লেখ করা** **সময়: ১৫ মিনিট**

● সকল প্রশিক্ষণার্থীকে উপকরণ সংরক্ষণের দুইটি করে কৌশল নিজ নিজ খাতায় লিখতে বলুন।

● পূনরাবৃত্তি পরিহার করে প্রত্যেককে একটি করে বলতে বলুন।

● একজন অংশগ্রহণকারীকে বোডে লিখতে বলুন।

● লিখার পরে তথ্যপত্রের সাথে মিলিয়ে নিতে বলুন।

● কোনো কিছু বাদ পড়লে সংযোজন করতে বলুন।

**সহায়ক তথ্যপত্র- ৪**

**শিক্ষাপোকরণের প্রয়োজনীয়তা**

- বিষয়বস্তুকে সহজবোধ্য করে তোলা
- পাঠের প্রতি আকর্ষণ সৃষ্টি করা
- শিখনফল অর্জন নিশ্চিত করা
- জটিল বিষয় সহজে উপস্থাপন করা
- অনুশীলনের সুযোগ সৃষ্টি করা
- আনন্দঘন পরিবেশ সৃষ্টি করা
- শিখন শেখানো কার্যক্রমে সকল শিক্ষার্থীর অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা
- শিখন দীর্ঘস্থায়ী করা
- শিখন দ্রুত বা ত্বরান্বিত করা
- পাঠকে জীবনভিত্তিক ও বাস্তবসম্মত করা

**শিক্ষোপকরণের বৈশিষ্ট্য**

- পাঠের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে
- শ্রেণি উপযোগী হতে হবে
- মান এবং রং আকর্ষণীয় হতে হবে
- সহজে ব্যবহার উপযোগী হতে হবে
- শিখনফল অর্জনে সহায়ক হতে হবে
- সুস্পষ্ট ও পরিচ্ছন্ন হতে হবে
- সহজে সংরক্ষণ উপযোগী হতে হবে
- শিক্ষার্থীর শৃঙ্খলাশীলতার বিকাশে সহায়ক হতে হবে
- অপেক্ষাকৃত সহজলভ্য ও সাশ্রয়ী হতে হবে
- সকল শিক্ষার্থীর জন্য দৃশ্যমান হতে হবে
- উপকরণ বহনযোগ্য ও টেকসই হতে হবে

**সহায়ক তথ্যপত্র: ৫**

**উপকরণ ব্যবহারের কৌশল**

- শ্রেণিতে প্রবেশ করেই উপকরণ প্রদর্শন না করা
- উপস্থাপন পর্যায়ে যখন প্রয়োজন তখন প্রদর্শন করা
- যতক্ষণ প্রয়োজন টাঙিয়ে রাখা
- উপকরণ প্রদর্শনে শিশুদের সহায়তা নেওয়া
- উপকরণ হিসেবে শ্রেণির শিশুদের ব্যবহার করা
- সকলের জন্য দৃশ্যমান করে উপকরণ উপস্থাপন করা
- শ্রেণিকক্ষের প্রতিটি জিনিসকে প্রয়োজনে পাঠের সাথে সংশ্লিষ্ট করে উপকরণ হিসেবে ব্যবহার করা
- উপকরণের ওপর প্রশ্ন করা বা উপকরণ সম্পর্কে কিছু বলতে দেওয়া

**উপকরণ সংরক্ষণের কৌশল**

- শ্রেণি ও বিষয় অনুযায়ী ভিন্ন ভিন্ন র‍্যাকে সাজিয়ে রাখা
- শ্রেণি ও বিষয় উল্লেখ করে রেজিস্টারে লিপিবদ্ধ করা
- ভিন্ন ভিন্ন উপকরণ পৃথকভাবে সংরক্ষণ করা
- ছোট ছোট উপকরণগুলো কাগজের বা কাঠের বাক্সে সংরক্ষণ করা
- বাক্সের গায়ে উপকরণের নাম লিখে রাখা
- বাঁধানো ছবি, চার্ট, পোস্টার, মানচিত্র ইত্যাদি দেয়ালে ঝুলিয়ে রাখা
- বাঁধানো না হলে পেচিয়ে গোল করে র‍্যাকে রাখা
- উপকরণ শুকনো জায়গায় রাখার ব্যবস্থা করা
- প্রতিটি শ্রেণিতে ঐ নির্ধারিত শ্রেণি পাঠের উপযোগী কিছু উপকরণ সংরক্ষণ করা।

# মুক্ত আলোচনা ও সমাপনী

**মুক্ত আলোচনা ও সমাপনী** **সময় : ১৫ মিনিট**